

নিহতদের স্মরণে ব্র্যাক বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের মোমবাতি প্রজ্জ্বালন

নিজস্ব প্রতিবেদক

১১ আগস্ট, ২০২৪ ০২:০৪

শেয়ার

অ +

অ -



ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে নিহত শহীদদের স্মরণে মোমবাতি প্রজ্জ্বালন করেছেন।

গতকাল শনিবার সন্ধ্যায় ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ক্যাম্পাসের প্রধান ফটকের সামনে প্রদীপ প্রজ্জ্বালন করা হয়।

সকাল থেকেই রাজধানীর বিভিন্ন স্থান থেকে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা জড়ো হতে থাকেন এবং পরিচ্ছন্নতা, বৃক্ষরোপণ, দেয়াল লিখন, ট্রাফিক নিয়ন্ত্রণসহ আরো নানা স্বেচ্ছাসেবামূলক কাজে নিজেদের নিয়োজিত করতে থাকেন। সন্ধ্যা হতেই শিক্ষার্থীরা ছাত্র-জনতা অভ্যুত্থানে শহীদদের স্মরণে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে একত্র হন।

বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী, শিক্ষক, আশপাশের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থী ও স্থানীয় ব্যক্তির এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি মেহরাব সাবাব এ সময় সবার উদ্দেশে বক্তব্য দেন। বক্তব্যে তিনি কিভাবে ছাত্র-জনতার ওপর সৈরাচার সরকার আক্রমণ করে সে কথা উল্লেখ করেন। উপস্থিত সবাইকে নিয়ে ভাই-বোনদের ত্যাগের বিনিময়ে অর্জিত এই স্বাধীনতা রক্ষা এবং দেশ পুনর্গঠনের শপথ নেন।

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অ্যালামনাই সদস্য মোসাব্বির রাহমান শিক্ষার্থীদের পক্ষে সারা দেশে লুটপাট, ভাঙচুর ও নৈরাজ্যের প্রতিবাদ জানান।